(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

**নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২৪.৭৮৬

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নোটিশ**

**বিষয়: নৈতিকতা কমিটির সভা**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২৪-২৫ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ০৩-১০-২০২৪ তারিখ সকাল ১১.০০ টায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যগনকে প্রয়োজনীয় তথ্যাদিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) তালিকা ২য় কোয়ার্টার

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

০৯-০১-২০২৫
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১২১৭
sec.raj.15@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী)।
২। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।।
৩। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৪। উপ-প্রধান নিরীক্ষক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।।
২। কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভাকক্ষ প্রস্তুত রাখাসহ আপ্যায়নের ব্যসস্থা করার জন্য ।।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
প্রশাসন শাখা

**" ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৩-১০-২০২৪ খ্রি: |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি পরিচালক (প্রশাসন) কে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমোদনক্রমে পরিচালক (প্রশাসন) সভার শুরুতে সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বর্তমানে বোর্ডে ১৩ (তের) সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি রয়েছে। পরিচালক (প্রশাসন) প্রস্তাব করেন যে, উক্ত কমিটিতে বোর্ডের প্রধান মনিটরিং কর্মকর্তা এবং রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে একজন জ্যেষ্ঠ উর্দ্ধতন গবেষণা কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা যেতে পারে। উপস্থিত সকলে এ প্রস্তাবে একমত পোষণ করায় নৈতিকতা কমিটি তে উক্ত ২ জন সদস্য অন্তর্ভূক্ত করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।
অতপর পরিচালক প্রশাসন ১ম কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।
তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন । ১ম কোয়ার্টারের ২.২ এ বার্ষিক ক্রয় পরিকল্পনায় লক্ষ্যমাত্রা না থাকায় বাস্তবায়ন হয়নি। তিনি বলেন, উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড় না হওয়ায় এবং রাজস্ব খাতে ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা না থাকায় ১ম কোয়ার্টারের ৫% বাস্তবায়ন সম্ভব হয়নি। তবে ২য় কোয়ার্টারে ১ম ও ২য় কোয়ার্টারের ক্রমবর্ধমান লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যাক্ত করেন।
এ বিষয়ে সভাপতি আশা প্রকাশ করে বলেন, নতুন অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। লক্ষ্যমাত্রা অর্জনে যাতে আমরা ব্যর্থ না হই সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে বলেও তিনি মত প্রকাশ করেন।
পরিচালক (প্রশাসন) ২০২৪-২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ২য় কোয়ার্টারে উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।

তিনি সভায় অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে ২য় কোয়ার্টার এ নিম্নোক্ত বিষয়গুলো বাস্তবায়ন করতে হবে:

**১.১ এর লক্ষ্যমাত্রা** মোতাবেক প্রতি কোয়ার্টারে ১ টি করে নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে। ২য় কোয়ার্টারের সভা অদ্য ০৩-১০-২০২৪ তারিখ অনুষ্ঠিত হলো।

কর্মপরিকল্পনার **১.২** এ উল্লেখিত লক্ষ্যমাত্রা মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।

**কর্মপরিকল্পনার ১.৩** এ উল্লেখিত লক্ষ্যমাত্রা এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪(চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজন করতে হবে। ১ম কোয়ার্টারের স্টেকহোল্ডার সভার লক্ষ্যমাত্র অনুযায়ী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাজশাহীতে আয়োজন

করা হয়েছে। ২য় কোয়ার্টারের অংশীজন সভা আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রংপুর-এ অক্টোবর/২০২৪ মাসে আয়োজন করা যেতে পারে। সভাগুলোতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন সহ বোর্ডের স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। মহাপরিচালক মহোদায় ২য় কোয়ার্টারের জন্য নির্ধারিত অংশীজন সভাটি আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রংপুর এ আয়োজন করার জন্য পরিচালক (সম্প্রসারণ) কে নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনার ১.৪** মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত ৪ কোয়ার্টারে ৪টি প্রশিক্ষণ/সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। প্রতি কোয়ার্টারের প্রশিক্ষণে/সভায় ন্যুনতম ৪০ জন কর্মকর্তা/কর্মচারির উপস্থিতি নিশ্চিত করতে হবে। ২য় কোয়ার্টারের জন্য নির্ধারিত প্রশিক্ষণ অক্টোবর/২৪ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য তিনি মত প্রকাশ করেন।

**কর্মপরিকল্পনার ১.৫** মোতাবেক কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করণ ইত্যাদি)। ২য় কোয়ার্টারের জন্য নির্ধারিত ৩০-১২-২০২৪ তারিখের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি এর লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয় গঠিত কমিটি পি৩ কেন্দ্র, রাজশাহী এর শ্রমিকদের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বোর্ড প্রধান কার্যালয় ও এর আশপাশের ঝোপ জঙ্গল পরিস্কার এর ব্যবস্থা গ্রহণ করবেন।

**কর্মপরিকল্পনার ১.৬** মোতাবেক আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান ১৬-৩১ অক্টোবর/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ২.২** এর আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন করতে হবে। ২য় কোয়ার্টারে রাজস্ব ও উন্নয়ন বাজেটে একত্রে ২০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ২.৩** মোতাবেক ২য় কোয়ার্টারে রাজস্ব ও উন্নয়ন বাজেটের বাজেট বাস্তবায়ন একত্রে ৩০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ২.৪** এর প্রেক্ষিতে প্রতি কোয়ার্টারে ১টি করে প্রকল্পের PIC সভার আয়োজন করতে হবে। সভাপতি ২য় কোয়ার্টারের PIC সভা ডিসেম্বর/২৪ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন এবং সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংযুক্ত করে যথাসময় প্রশাসন বিভাগে প্রেরণ করার নির্দেশ দেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ৩.২** কর্মরত শ্রমিকদের হাজিরা তদারকী করার লক্ষ্যে ভিডিওকলের মাধ্যমে সরাসরি শ্রমিকদের উপস্থিতি নিশ্চিতকরণ এর লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের শ্রমিকদের ভিডিওকলের মাধ্যমে সরাসরি হাজিরা তদারকী করার লক্ষ্যে সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার জন্য পরিচালক (সম্প্রসারণ) কে নির্দেশনা প্রদান করেন। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করার জন্যও নির্দেশনা দেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ৩.**৩ পলু পালন সরঞ্জামাদি/উপকরণ বিতরণের সত্যতা যাচাই এর লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি এ বিষয় সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার জন্য পরিচালক (সম্প্রসারণ) কে নির্দেশনা প্রদান করেন। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করার জন্যও নির্দেশনা দেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ৩.৪** ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধিত শ্রমিক মজুরির সত্যতা যাচাই করার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি এ বিষয়ে শ্রমিকদের সাথে মোবাইল ফোনে কথা বলে সত্যতা যাচাই করার জন্য সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার জন্য পরিচালক (সম্প্রসারণ) কে নির্দেশনা প্রদান করেন। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করার জন্যও নির্দেশনা দেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) নৈতিকতা কমিটিতে বোর্ডের প্রধান মনিটরিং কর্মকর্তা ও রেশম গবেষণা প্রতিষ্ঠান হতে একজন জ্যৈষ্ঠ উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা এই ২টি পদ

অন্তর্ভূক্ত করে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি পুনর্গঠন করতে হবে।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ।

(২) ২য় কোয়ার্টারের জন্য নির্ধারিত অংশীজন সভাটি অক্টোবর/২০২৪ মাসের মধ্যে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর এ আয়োজন করতে হবে। সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন, রেশম চাষী/বসনীসহ স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে:** সম্প্রসারণ বিভাগ/ উপপরিচালক রংপুর।

(৩) আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান ১৬-৩১ অক্টোবর/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ।

(৪) সরাসরি ভিডিওকলের মাধ্যমে বিভিন্ন বীজাগারে কর্মরত শ্রমিকদের হাজিরা তদারকী করে শ্রমিকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। মাঠ পর্যায়ের শ্রমিকদের হাজিরা সরাসরি ভিডিওকলের মাধ্যমে তদারকী করার জন্য সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দিতে হবে। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করতে হবে।

**বাস্তবায়নে:** সম্প্রসারণ বিভাগ/উপপরিচালক/সহকারি পরিচালক/ম্যানেজার(সম্প্রসারণ)

উল্লিখিত বিষয়গুলো স্ব-স্ব বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বাস্তবায়ন করে প্রতিবেদনসহ গ্রহণযোগ্য প্রমাণক কার্যক্রমের নম্বর উল্লেখ পূর্বক যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৩-১০-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২৪.৮০০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;

২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;

৩। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ প্রধান নিরীক্ষক/উপ-পরিচালক(বীজ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;

৪। উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি;

৫। জনসংযোগ কর্মকর্তা /সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী এবং

৬। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।।

২৩-১০-২০২৪
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নৈতিকতা হাজিরা২_20241006_0001

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

০৩-১০-২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিতে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার ( অক্টোবর-ডিসেম্বর/২৪)এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত <u>কর্মকর্তাদের হাজিরা।</u>

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | জনাব ড. এম এ মান্নান<br>পরিচালক(অর্থ : ও পরিকল্পনা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড) | ০৩/১০/২০২৪ |
| ২. | জনাব মোহাম্মদ এমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ) ও<br>পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৩/১০/২৪ |
| ৩. | জনাব মোছা: নাছিমা খাতুন<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)) ও<br>পরিচালক (উৎপাদন ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৩/১০/২০২৪ |
| ৪. | জনাব মোঃ লুৎফর রহমান তালুকদার<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও<br>নির্বাহী প্রকৌশলী<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৩/১০/২৪ |
| ৫. | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৩/১০/২৪ |
| ৬. | জনাব মোহাম্মদ সাইফুল্লাহ<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৩/১০/২০২৪ |
| ৭. | জনাব শেখ মোঃ আব্দুল্লাহ আল কাফী<br>উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>নিরীক্ষা কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৩/১০/২৪ |
| ৮. | জনাব সুমন ঠাকুর<br>জনসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৩. ১০. ২৪ |
| ৯. | জনাব মোঃ ফরহাদ হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন) | ০৩.১০.২৪ |
| ১০. | [illegible] প্রশাসনিক কর্মকর্তা | ০৩.১০.২৪ |
| ১১. | | |

**২০২৪-২৫ অর্থ বছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল' কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা**

**সভার তারিখ: ০৩-১০-২০২৪;     সময়: বেলা: ১১.০০ ঘটিকা।**

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে
## নৈতিকতা কমিটির সভা
### সভাপতি : জনাব মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

তারিখ ০৩-১০-২০২৪     বেলা- ১১.০০ ঘটিকা

আয়োজনে : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

